
দ্বিতীয় সংখ্যা।। ভাদ্র ১৪২৯।। আগস্ট ২০২২

ISSN- 2663-9599

নজরুল জার্নাল

নজরুল বিষয়ক গবেষণাপত্র



নজরুল সেন্টার ফর সোশ্যাল এন্ড কালচারাল স্টাডিজ
কাজী নজরুল বিশ্ববিদ্যালয়
আসানসোল, পশ্চিমবঙ্গ, ভারত

ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

নজরুল জার্নাল

[নজরুল বিষয়ক গবেষণাপত্র]

উপদেষ্টামণ্ডলী

অধ্যাপক (ড.) সাধন চক্রবর্তী

উপাচার্য, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

মুহম্মদ নূরুল হুদা

মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা, বাংলাদেশ

অধ্যাপক (ড.) মাহবুবুল হক

অধ্যাপক, বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, বাংলাদেশ

সম্পাদক

অধ্যাপক (ড.) সৌমিত্র শেখর

উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

ড. সোমনাথ মুখার্জী

উপ-অধিকর্তা, নজরুল সেন্টার ফর সোশ্যাল এণ্ড কালচারাল স্টাডিজ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

সহযোগী সম্পাদক

ড. গৌরব চৌধুরী

গবেষণা সহযোগী, নজরুল সেন্টার ফর সোশ্যাল এণ্ড কালচারাল স্টাডিজ কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

শ্রী অভিজিত সাধুখাঁ

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

অধ্যাপক (ড.) মো. সাহাবউদ্দিন

অধ্যাপক, বাংলা বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

রাশেদুল আনাম

অতিরিক্ত পরিচালক, ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ,
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

CamScanner

Nazrul Journal, ISSN- 2663-9599. A Yearly Research Journal on Nazrul's Life & Works, 2nd Issue, Bhadra 1429, August 2022. Edited and Published by Nazrul Centre for Social and Cultural Studies, Kazi Nazrul University & Jatiya Kabi Kazi Nazrul Islam University.

কপিরাইট
কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, পশ্চিমবঙ্গ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

ISSN : 2663-9599

প্রকাশক
নিবন্ধক, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়
ও
নিবন্ধক, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

প্রকাশ
আগস্ট, ২০২২

প্রচ্ছদ
সুমন চৌধুরী

মুদ্রক
এস পি কমিউনিকেশনস্ প্রাইভেট লিমিটেড
৩১বি রাজা দীনেন্দ্র স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯

মূল্য
৩৭৫.০০ (ভারতীয় মুদ্রা)

CamScanner

সূচিপত্র

June McDaniel
Kazi Nazrul Islam And Classical Indian Poetics :
The Role of Rasa in *Bidrohi* ১

বিশ্বজিৎ ঘোষ
'বিদ্রোহী' : শতবার্ষিক অবলোকন ৯

Haider A. Khan
Nazrul's Bidrohi : A Mythopoetic Polysemic Polyphony of
People in Polychronotope ১৩

ঈপ্সিতা চন্দ
রাষ্ট্রের বহুস্বর ও কাজী নজরুল ইসলামের কবিতা ৩১

Neela Bhattacharya Saxena
'Bidrohi' as Nazrul's 'Anal Haq' : Contemplating a
Truth Seeker's Restless Hunger for the Self ৩৭

তারানা নুপুর
নজরুলের 'বিদ্রোহী'র ধ্রুবত্ব : প্রসঙ্গ মিথ ৪২

শামসুজ্জামান খান মিলকী
হাবিলদার কবির 'বিদ্রোহী' কবিতা : পরিপ্রেক্ষিত ও সর্বকালীন প্রাসঙ্গিকতা ৫৩

কল্পনা হেনা রুমি
শতবর্ষী 'বিদ্রোহী' : উপনিবেশ-নিগড়ের নানামাত্রিক বয়ান ৬৪

দেবাশীষ বেপারী
নজরুলের 'বিদ্রোহী' কবিতার সাংগীতিক রূপ ও আবৃত্তি প্রসঙ্গ ৭৪

প্রশান্ত কুমার দে সরকার
'বিদ্রোহী' কবিতা ও কবি ৮৪

অক্ষয়কুমার আঢ্য
কাজী নজরুলের মানসলোকে মানবতাবাদ ও সাম্প্রদায়িক সম্প্রীতি ৯৩

CamScanner

মানস জানা
'বিদ্রোহী' : মানবতাবাদী নজরুলের যুগান্তকারী সৃষ্টি ১০৪

গুরুপদ অধিকারী
'বিদ্রোহী' : কবির বিনিদ্র সত্তা ১১৩

Arpita Chakrabarti
Nazrul's 'Bidrohi' and 1922 : Vernacular Modernity and Transnational Dissidence ১১৮

সংহিতা চক্রবর্তী
শতবর্ষের আলোকে 'বিদ্রোহী': কিছু ভাবনা ১২৫

গৌরব চৌধুরী
'বিদ্রোহী' : পাঠান্তর ও সুরাভরণে সজ্জিত এক চারণ-সংগীত ১৩৩

বৈশাখী দত্ত
সংস্কৃতালোকে 'বিদ্রোহী' কবিতার 'আমি' ১৪৭

Saikat Chakraborty
'Bidrohi' as Posthuman Ipseity: The Fall of Eurocentric Humanism ১৫৫

শিখা হালদার
নজরুলের কবিসত্তার স্বরূপ সন্ধানে 'বিদ্রোহী' ১৬০

রাজেশ কর
নজরুলের বিদ্রোহী চেতনার উন্মেষ : রানীগঞ্জ শহর ও নিবারণচন্দ্র ঘটক ১৬৫

অঙ্কিতা রায়
নজরুলের 'বিদ্রোহী' কবিতা ও লেটো গান : পৌরাণিক আবেদন ১৭০

অমৃতা রায়
'বিদ্রোহী' কবিতার বিরুদ্ধ সমালোচনা: প্রবণতা বিচার ১৭৯

শুভম চক্রবর্তী
'বিদ্রোহী' : প্রসারিত 'আমি'র দিকচিহ্নগুলি ১৮৯

অন্তরা ব্যানার্জি
'বিদ্রোহী' কবিতার বাউল-ফকির চিন্তা: একটি অনুসন্ধান ১৯৬

মহম্মদ মুজাহিদ
সম্প্রদায় নয়, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে বিদ্রোহ 'বিদ্রোহী' কবিতা ২০২

Puja Laha
The Rebel Poet Kazi Nazrul Islam's Contributions in Secularism : Twenty-first Century Perspective ২০৯

CamScanner

অনুবাদ

Translating Plurality : Nazrul's "Bidrohi"/"The Rebel" : **Ipshita Chanda** ২১৯

'বিদ্রোহী' কবিতার ইংরেজি অনুবাদ

Ipshita Chanda, Kabir Chowdhury ২২২

পুস্তক পর্যালোচনা

বঙ্গবন্ধুর বাংলাদেশে নজরুল : একটি পাঠ প্রতিক্রিয়া

আহমেদুল বারী ২৩৩

আলোকচিত্র ২৪১

লেখক পরিচিতি ২৪৫

CamScanner

নজরুলের 'বিদ্রোহী' কবিতার সাংগীতিক রূপ ও আবৃত্তি প্রসঙ্গ

দেবাশীষ বেপারী

বাঙালির কাছে বিপুলভাবে অভিনন্দিত হয়েছিল নজরুলের 'বিদ্রোহী' কবিতা এবং সে আসন আজও বাঙালির মনে অবিচল। দ্রোহে মগ্ন মনের মাধুরীতে নজরুল লিখেছেন 'বিদ্রোহী'। সন্দেহাতীতভাবেই নজরুলের রচিত 'বিদ্রোহী' কবিতা পৃথিবীর ইতিহাসে শ্রেষ্ঠ কবিতার প্রতিনিধিত্ব করে এ কথা সর্বজনবিদিত। 'বিদ্রোহী' কবিতা বাঙালির কাছে এক অনন্ত প্রেরণার অমূল্য ধন। সেই অনন্ত প্রেরণাদায়ী 'বিদ্রোহী' কবিতা, বিদ্রোহী গান হিসেবে বাঙালির কাছে সমাদৃত হয়েছে। বাঙালিকে পরাধীনতার শৃংখলমুক্ত করতে লক্ষ কণ্ঠে জেগেছিল সে গানের বিদ্রোহী সুরঝংকার। বিশ্ববিধাত্রীর চিরবিস্ময়, চিরউন্নত কবি ও সংগীতকার ছিলেন কাজী নজরুল ইসলাম। চিরদুর্দম ও চিরদুর্বার শব্দ প্রক্ষেপণের মাধ্যমে সারা জীবন অন্যায়, শোষণ, বঞ্চনার বিরুদ্ধে, অত্যাচারিত ও নিপীড়িত মানুষের পক্ষে কাণ্ডারীর মতো ছিলেন নজরুল। নজরুলের চিরবিদ্রোহী রূপের সফল প্রকাশ তারই রচিত 'বিদ্রোহী' কবিতা। পৃথিবীতে বাংলা ভাষাভাষী মানুষের অস্তিত্ব যতদিন বিরাজমান থাকবে ততদিন এই কবিতা বিদ্রোহের হাতিয়ার হয়ে মহাভয়ের দিনে রণভূমে বাঙালির সঙ্গী হবে। বাংলা সাহিত্য ও সংগীতের ক্ষেত্রে কাজী নজরুল ইসলাম যুগসচেতন কবি। নজরুলের মতো এত বলিষ্ঠ, সুস্পষ্ট এবং প্রদীপ্ত বাণী আর কারো গানে ও কবিতায় ধ্বনিত হয়নি। নজরুল গভীর মনোনিবেশে 'বিদ্রোহী' কবিতায় অত্যন্ত নৈপুণ্যের সঙ্গে উপমার প্রয়োগ করেছেন। উপমা প্রয়োগের দীপ্তিতে দীপ্তিতে চির আলোকোজ্জ্বল নজরুলের 'বিদ্রোহী' কবিতাটিতে ১৯৪৯ সালে সুরারোপ করে সুরের দীপ্তি ছড়িয়েছেন সুরকার, গীতিকার, গায়ক গিরীন চক্রবর্তী (১৯১৮-১৯৬৫)। পরবর্তীতে ১৯৬৫ সালে বাংলাদেশের প্রখ্যাত সুরকার শহীদ আলতাফ মাহমুদ (১৯৩৩-১৯৭১) সুরারোপ করেছিলেন দ্বিতীয়বারের মতো। কিন্তু আলতাফ মাহমুদের করা সে সুরটির আর পাওয়া যায় না এবং কোনও প্রমাণ এখন আর নেই। এ প্রসঙ্গে মতিউর রহমানের লেখা থেকে জানা যায়— "বিদ্রোহীর এই শতবর্ষে বারবার মনে পড়ছে আলতাফ মাহমুদের সুর করা সেই গানের কথা। এখন কোথাও খুঁজে পাওয়া যায় না গানটি।" (মতিউর রহমান : ২০২১)

এক

গিরীন চক্রবর্তীর করা সুরে নজরুলের বিদ্রোহী কবিতা হয়ে উঠেছিল বিদ্রোহী গান। সে গানের সেই সুর বাঙালিকে 'বিদ্রোহী' কবিতার পাশাপাশি বিদ্রোহী গানের তৃষ্ণা মিটিয়েছে। নজরুলের 'বিদ্রোহী' বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবিতা। 'বিদ্রোহী' কবিতার জন্য ভালোবাসার পুষ্পমাল্যে নজরুল হয়েছেন বরণীয় ও জনমননন্দিত। জনপ্রিয়তা ও খ্যাতির শ্রেষ্ঠ নিদর্শন 'বিদ্রোহী'। মানব মনে মৃত্যুঞ্জয়ী প্রেরণা সৃষ্টি করেছে

CamScanner

'বিদ্রোহী' কবিতা ও বিদ্রোহী গান। কবিতাটি প্রকাশের শতবর্ষে দাঁড়িয়ে আজও সমসাময়িক, আজও বাঙালি উদ্দীপিত হয় এ কবিতার ছন্দ ও সুরে। এ প্রসঙ্গে অধ্যাপক রফিকুল ইসলাম বলেছেন—

> 'বিদ্রোহী' কবিতায় কবির আত্মজাগরণের বিপুল ও বিচিত্র প্রকাশ লক্ষ্য করা যায়। কবির ব্যক্তিত্বের প্রবল স্ফুরণ ঘটেছে এ কবিতায়। যদিও বহির্জগতের রাশি রাশি উপমা অলঙ্কারে এর প্রকাশ কিন্তু মূলত এ জাগরণ আত্মগত। প্রথম স্তবকের শুরুতে 'উন্নত শির' স্তবকের মধ্যখানে 'চির উন্নত শির' হয়ে উঠেছে। হিমাদ্রি শিখর, মহাবিশ্বের মহাকাশ, চন্দ্র, সূর্য, গ্রহ, তারা, ভূলোক দ্যুলোক গোলক ভেদ করে খোদার আসন 'আরস' অতিক্রম করে ঊর্ধ্বারোহণের ক্ষিপ্রগতি কবিতার প্রথম স্তবকেই চাঞ্চল্যের সৃষ্টি করেছে। (রফিকুল ইসলাম ২০১২ : ৪২৩)

'বিদ্রোহী' কবিতা গান হিসেবে বাঙালি শুনতে পেয়েছিল উদাত্ত কণ্ঠস্বর ও পরিণত সুরজ্ঞান সম্পন্ন শিল্পী গিরীন চক্রবর্তীর কণ্ঠে। নজরুলের বিখ্যাত বিদ্রোহী কবিতায় সুর সংযোজন করে এ কবিতাকে বিদ্রোহী গানে পরিণত করে চিরস্মরণীয় করে রেখেছেন নজরুলের অসংখ্য গানের সফল সুরকার ও ঘনিষ্ঠজন গিরীন চক্রবর্তী। ১৯৪৯ সালে তিনি সংক্ষিপ্ত আকারে বিদ্রোহীর সুর সংযোজন করেছিলেন। কেউ কেউ আবার ১৯৫২ সালের কথাও উল্লেখ করেন। দ্রুত দাদরা তালের মিশ্র সুরের এ গানটি ছিল বিদ্রোহী কবিতার প্রথম সুরারোপের উদাহরণ। গানটির ওই রেকর্ডে সুরারোপের পাশাপাশি গিরীন চক্রবর্তী কণ্ঠও দিয়েছিলেন। উপমহাদেশের বিখ্যাত সংগীতজ্ঞ ওস্তাদ আলাউদ্দিন খাঁ ও আফতাব উদ্দিন খাঁ-এর কাছে গান শিখেছিলেন মি. চক্রবর্তী। নজরুলের বিখ্যাত গান কারার ঐ লৌহ কপাটেও কণ্ঠ দিয়েছেন গিরীন চক্রবর্তী।

কাজী নজরুল ইসলামের অত্যন্ত স্নেহধন্য মানুষ ছিলেন শিল্পী সুরকার গিরীন চক্রবর্তী। তিনি নজরুলের প্রায় ৩০টি গানের সুরারোপ করেছেন। লোক ঢঙের গানের প্রতি গিরীন চক্রবর্তীর বিশেষ দুর্বলতা ছিল। তার মধ্যে উল্লেখ্যযোগ্য 'শিকল পরা ছল', 'কারার ঐ লৌহ কপাট', 'এসো চির জনমের সাথী', 'গগনে খেলায় সাপ', 'বরষা ঋতু এলো এলো', 'শ্যামা নামের লাগল আগুন' প্রভৃতি। 'বিদ্রোহী' কবিতার সুরারোপ করা প্রসঙ্গে নজরুল গবেষক আসাদুল হক তাঁর রচিত 'নজরুল সংগীতের রূপকার' গ্রন্থে উল্লেখ করেছেন—

> গিরীন চক্রবর্ত্তী কবির 'বিদ্রোহী' কবিতায় সুরারোপ করেন ও রেকর্ডে বাণীবদ্ধ করেন। কলম্বিয়া কোম্পানীতে রেকর্ড নম্বর জিই ৭৭১৪ তাছাড়া (১) তোরা সব জয় ধ্বনি কর, (২) ঝঞ্ঝার মতো উদ্দাম, রের্ড নম্বর জিই ৭৫৪৮ ও রেকর্ড নম্বর জিই ৭৫০৬ (১) শিকল পরা ছল এবং (২) কারার ঐ লৌহ কপাট তাঁর কণ্ঠে সার্থক রূপ লাভ করেছে। তাঁর সুরারোপিত কবির লেখা বহু গান অনেক শিল্পী রেকর্ড করেছেন। সে সব গানের সঙ্গীত পরিচালকও ছিলেন তিনি নিজে।... প্রসঙ্গত বিশেষভাবে উল্লেখ্য, কবির 'বিদ্রোহী' কবিতায় সুরারোপ করে তিনি নিজ কণ্ঠে রেকর্ড করেন। তাঁর তেজোদৃপ্ত সুরের মূর্ছনায় 'বিদ্রোহী' কবিতার প্রকাশ এতই বাঙ্ময় হয়েছিল যে অনেকে ভুল করে গানটি কবি কর্তৃক সুরারোপিত বলে মনে করতে পারেন। (আসাদুল হক ১৯৯০: ২১৬, ২১৭)

'বিদ্রোহী' কবিতার সাংগীতিক রূপ দিয়েছেন যে বিখ্যাত সুরকার তাঁর জন্ম ১৯১৮ সালের ৫ মে বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলার সাদেকপুর গ্রামে। দীর্ঘদিন কলকাতার গ্রামাফোন কোম্পানি এইচ.এম.ভি-তে ট্রেনার হিসেবে কাজ করেছেন। অল ইন্ডিয়া রেডিও কলকাতা কেন্দ্রে কাজ করেছেন। রেডিওতে লোকসংগীত সম্প্রচারের ক্ষেত্রে বিশেষ অবদান রয়েছে গিরীন চক্রবর্তীর। আকাশবাণীতে লোকসংগীত প্রচার করে তা জনপ্রিয় করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা রেখেছিলেন তিনি। তিনি একাধারে ছিলেন গীতিকার, সুরকার ও

CamScanner

অক্ষয়কুমার আঢ্য, চিকিৎসক। আঞ্চলিক ইতিহাস ও নজরুল চর্চাকারী।

অঙ্কিতা রায়, পিএইচ.ডি. গবেষক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

অন্তরা ব্যানার্জি, পিএইচ.ডি. গবেষক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

অমৃতা রায়, পিএইচ.ডি. গবেষক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

আহমেদুল বারী, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

ঈপ্সিতা চন্দ, অধ্যাপক, তুলনামূলক সাহিত্য বিভাগ, দি ইংলিশ অ্যাণ্ড ফরেন ল্যাঙ্গোয়েজেস ইউনিভার্সিটি, হায়দ্রাবাদ

কল্পনা হেনা রুমি, সহযোগী অধ্যাপক, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

গুরুপদ অধিকারী, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, মাইকেল মধুসূদন মেমোরিয়াল কলেজ, দুর্গাপুর

গৌরব চৌধুরী, গবেষণা সহযোগী, নজরুল সেন্টার ফর সোশ্যাল অ্যাণ্ড কালচারাল স্টাডিজ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

তারানা নুপুর, অধ্যাপক, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

দেবাশীষ বেপারী, সহযোগী অধ্যাপক, সঙ্গীত বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

প্রশান্তকুমার দে সরকার, প্রাক্তন অধ্যক্ষ, আসানসোল মহিলা মহাবিদ্যালয়

বিশ্বজিৎ ঘোষ, প্রাক্তন উপাচার্য, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

বৈশাখী দত্ত, এম.ফিল. গবেষক, সংস্কৃত বিভাগ, বিশ্বভারতী, শান্তিনিকেতন

মহম্মদ মুজাহিদ, এম.ফিল. গবেষক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়


মানস জানা, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, পাঁশকুড়া বনমালী মহাবিদ্যালয়, পূর্ব মেদিনীপুর

রাজেশ কর, পিএইচ.ডি. গবেষক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

শামসুজ্জামান খান মিলকী, অধ্যাপক, বাংলা বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

শিখা হালদার, গবেষণা প্রকল্প সহায়ক, নজরুল সেন্টার ফর সোশ্যাল অ্যাণ্ড কালচারাল স্টাডিজ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

CamScanner



CamScanner